তারিখ ২৮।৫।৮১... ...
পৃষ্ঠা... ... ... ...কলাম... ... ...

# তোলারাম কলেজ কেন্দ্রে কাল পরীক্ষা হয়েছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

তোলারাম কলেজ কেন্দ্রে এইচ,এস,সি পরীক্ষা বাতিলের সিদ্ধান্ত সরকার প্রত্যাহার করেছে। গতকাল বুধবার তোলারাম কলেজ কেন্দ্রে এইচ, এস,সি পরীক্ষা নেয়া হয়েছে। পরীক্ষার্থীদের উপস্থিতির সংখ্যা ছিল কম। কোন অধ্যাপকই

(শেষ পৃ: ৫-এর ক: দ্র:)

## পরীক্ষা হয়েছে

(১ম পাতার পর)

কেন্দ্রে পরীক্ষার পরিদর্শক হিসেবে কাজ করেনি।

ঢাকার ডি, সি গতকাল সকাল ৮টায় স্থানীয় প্রশাসন কর্তৃপক্ষকে তোলারাম কলেজ কেন্দ্রে পরীক্ষা পুনরায় চালু করার জন্য নির্দেশ দেন। এর পর স্থানীয় প্রশাসন পরীক্ষা চালুর ব্যাপারে উদ্যোগ নেয়। স্থানীয় প্রশাসন এ ব্যাপারে কলেজ কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে। একমাত্র কলেজের সহ-অধ্যক্ষ ছাড়া কেন্দ্রে আর কোন অধ্যাপকই উপস্থিত ছিলেন না।

কড়া পুলিশী প্রহরার মধ্যে বেলা ১১ টায় তোলারাম কলেজ কেন্দ্রে অর্থনীতির প্রথম পত্রের পরীক্ষা শুরু হয়। কোন অধ্যাপককে না পেয়ে স্থানীয় প্রশাসন মহকুমার পদস্থ সরকারী কর্মকর্তাদের দিয়ে পরিদর্শকের কাজ চালায়। তোলারাম কলেজ কেন্দ্রে পরীক্ষা চলাকালীন সময়ে গতকাল কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

ঢাকার জেলা প্রশাসকের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান যে, সরকারী সিদ্ধান্ত অনুযায়ী গত মঙ্গলবার যে সব ছাত্রছাত্রী মহিলা কলেজ কেন্দ্রে এইচ, এস, সি পরীক্ষায় অংশ নিয়েছে শুধুমাত্র তাদের পরীক্ষাই নিরাপত্তা জনিত কারণে ঢাকা কলেজ কেন্দ্রে স্থানান্তর করা হয়েছে।

### গ্রেফতার অব্যাহত

পুলিশ নারায়ণগঞ্জে এখনো গ্রেফতার অব্যাহত রেখেছে। গত মঙ্গলবার রাতে নারায়ণগঞ্জের কতিপয় এলাকায় হানা দিয়ে পুলিশ বেশ কিছু লোককে গ্রেফতার করেছে। প্রশাসন সূত্রে গত মঙ্গলবার রাতে গ্রেফতারকৃতদের সংখ্যা জানা যায়নি। গত সোমবার এবং মঙ্গলবার গ্রেফতারকৃত ৫৯ জনকে স্থানীয় প্রশাসন ঢাকা কেন্দ্রীয় কারাগারে স্থানান্তর করেছে।

### আজ নারায়ণগঞ্জে রিক্সা ধর্মঘট

আজ বৃহস্পতিবার নারায়ণগঞ্জ রিক্সা ড্রাইভার ইউনিয়ন শহরে অর্ধ বেলা রিক্সা ধর্মঘট আহ্বান করেছে। রিক্সা ড্রাইভার ইউনিয়নের সভাপতি এডভোকেট তৈমুর আলম খন্দকার এক বিবৃতিতে অভিযোগ করেছেন যে, স্থানীয় প্রশাসন গত মঙ্গলবার রাতে তোলারাম কলেজের ঘটনাকে কেন্দ্র করে উদ্দেশ্য প্রণোদিতভাবে নারায়ণগঞ্জ রিকশা ড্রাইভার ইউনিয়নের সাধারণ সম্পাদক সবুজ মিঞাকে গ্রেফতার করেছে।